

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩২৮
আগরতলা, ৩০ মার্চ, ২০২৪

উচ্চতর মাধ্যমিক পরীক্ষা শাস্তিপূর্ণ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চতর মাধ্যমিক (নতুন সিলেবাস) এর আজ ছিল সিল্লিখ সাবজেক্ট (ভোকেশন্যাল) এর পরীক্ষা। রাজ্যের ৬০টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সবকয়টি পরীক্ষাকেন্দ্রের অবস্থা শাস্তিপূর্ণ ছিল। আজ ছিল উচ্চতর মাধ্যমিক পরীক্ষার শেষ দিন। আজ নতুন সিলেবাসের উচ্চতর মাধ্যমিক সিল্লিখ সাবজেক্ট (ভোকেশন্যাল) পরীক্ষায় ১,৫০৮ জন পরীক্ষার্থী ছিল। তার মধ্যে ছাত্র ৬২৯ ও ছাত্রী ৮৭৯ জন। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ১,৪৮১ জন পরীক্ষার্থী। তার মধ্যে ছাত্র ৬১৬ ও ছাত্রী ৮৬৫ জন। অনুপস্থিতির সংখ্যা ছাত্র ১৩ ও ছাত্রী ১৪ জন। ছাত্রছাত্রীর উপস্থিতির হার ৯৮.২১ শতাংশ। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ-এর ২০২৪ সালের সব পরীক্ষা আজ শেষ হয়েছে। পরীক্ষাকার্য সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যের সাধারণ প্রশাসন, শিক্ষা দপ্তর, তথ্য ও সংস্কৃতি, আরক্ষা, বিদ্যুৎ, পরিবহন, স্বাস্থ্য ইত্যাদি দপ্তর, বিভিন্ন পৌরসভা এবং রাজ্যের সমস্ত সংবাদমাধ্যম ও বৈদ্যুতিন চ্যানেলের সংশ্লিষ্ট সকলকে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের তরফ থেকে ধন্যবাদ জানানো হয়েছে।
